

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
এনজিও বিষয়ক ব্যুরো
প্রধানমন্ত্রীর কার্যালয়
১৩ শহীদ ক্যাপ্টেন মনসুর আলী সরণী,
মৎস্য ভবন (১০ম তলা), রমনা, ঢাকা।


স্মারক নং-০৩.০৯.০০০০.৬৬১.৩৩.০০৩.১৪- ১১২৭

তারিখ : ১২/১১/২০১৫ খ্রিঃ।

বিষয় : পার্টনার এনজিও নির্বাচন প্রসংগে।

উল্লিখিত বিষয়ে সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, অনেক এনজিও তাদের মাঠ পর্যায়ের কার্যক্রম পার্টনার এনজিওর মাধ্যমে বাস্তবায়ন করে থাকে। অনেক ক্ষেত্রে পার্টনার এনজিও নির্বাচনের সময় একদিকে যেমন সংস্কার সক্ষমতা ও কাজের পরিধি প্রভৃতি বিষয় যথাযথভাবে মূল্যায়ন করা হয় না তেমনি অনেক ক্ষেত্রে অস্বচ্ছ প্রক্রিয়ায় পার্টনার এনজিও নির্বাচন করা হয়। যার ফলে প্রকৃত সুবিধাভোগী বঞ্চিত হয় এবং সার্বিকভাবে এনজিও কমিউনিটির ভাবমূর্তিও ক্ষুণ্ণ হয়।

০২। এমতাবস্থায় মাঠ পর্যায়ে অর্থাৎ তৃণমূল পর্যায়ের সুবিধাভোগীদের স্বার্থে এবং এনজিও কমিউনিটির ভাবমূর্তি অক্ষুণ্ণ রাখার স্বার্থে সংশ্লিষ্ট লিড এনজিওকে যথাযথ ও স্বচ্ছ প্রক্রিয়ায় দক্ষ পার্টনার এনজিও নির্বাচনের জন্য অনুরোধ করা হলো।


(মোঃ নূরুন নবী তালুকদার)
মহাপরিচালক
ফোন : ৯৫৬২৮৩৭

নির্বাহী প্রধান
এনজিও বিষয়ক ব্যুরোর নিবন্ধন প্রাপ্ত সংশ্লিষ্ট সকল এনজিও।

অনুলিপি :

- ✓ ০১। ভারপ্রাপ্ত কর্মকর্তা, কম্পিউটার শাখা, এনজিও বিষয়ক ব্যুরো, তাঁকে এই পত্রটি এনজিও বিষয়ক ব্যুরোর ওয়েবসাইটে আপ-লোড করার জন্য অনুরোধ করা হলো।
- ০২। অফিস কপি।